

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৮-০২-২০২৬ তারিখ জনাব জাকিয়া সুলতানা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে "ক্যাফে বৈশাখী রেস্টোরাঁ" ২০, তোপখানা রোড, সেগুন বাগিচা, প্রেসক্লাব, ঢাকা-১০০০, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টটির রান্নাঘর বেশ অপরিষ্কার ও অপরিচ্ছন্ন অবস্থায় পরিলক্ষিত হয় অর্থাৎ মেঝে স্যাঁতসেঁতে এবং ডাস্টবিন খোলা অবস্থায় দেখতে পাওয়া যায়। রেস্টুরেন্টে কর্মরত খাদ্য কর্মীদের কোন প্রকার স্বাস্থ্য উপকরণ যেমন হ্যান্ড গ্লোবস ও হেয়ারনেট ব্যবহার করতে দেখা যায় নি; কোন প্রকার লেবেল সংযোজন ব্যতিরেকে কীচা ও রান্নাকরা মাছ, মাংস একই ফ্রিজে এবং বিভিন্ন ধরনের মসলা সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও রেস্তোরাঁ নিবন্ধন সনদ, প্রিমিসেস লাইসেন্স, খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, পরিবেশ ছাড়পত্র, পেস্ট কন্ট্রোল প্রমাণক ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ অনুযায়ী ১,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


১৮. ০২. ২০২৬

বি. এম. রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।